দৈনিক সংবাদ

তারিখ 1.5 FEB 1987
পৃষ্ঠা ৭ কলাম 7

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

016

ঢাকা : বৃহস্পতিবার, ১লা মাঘ, ১৩৯৩

# বগুড়া সাঁটলিপি একাডেমীতে নানা সমস্যা সংকট

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

বগুড়ায় প্রতিষ্ঠিত সাঁটলিপি একাডেমী নানা সমস্যা-সংকটে ভুগছে। সবচেয়ে সংকট জায়গার। বর্তমানে একাডেমী ভবনের স্বল্প পরিসর কামরায় ঠাসাঠাসি অবস্থায় বসে ৯৬০ জন ছাত্র-ছাত্রী বিভিন্ন বিভাগ ও স্তরে সাঁটলিপি শিখছে। দ্বিতীয়তঃ, স্থান সংকটের কারণে বেশ কিছুসংখ্যক মুদ্রাক্ষরযন্ত্র ও অন্যান্য সামগ্রী সিঁড়ির নীচের বারান্দায় রাখা হয়েছে। এদিকে, একাডেমীর নিজস্ব ভবন নির্মাণের জন্যে কেবলমাত্র ১০ বিঘা জমি কেনা হয়েছে, সেখানে নির্মাণ-কাজ কবে শুরু হবে, তার ঠিক নেই।

সাঁটলিপি একাডেমী একটি সম্ভাবনাময় প্রতিষ্ঠান, যেখানে প্রশিক্ষক আছেন বর্তমানে ১৩জন। একাডেমী থেকে ইতিমধ্যেই ৮শ যুবক-যুবতী ৬ মাসের কোর্স শেষ করে বেরিয়েছে। বর্তমানে এখানে বাংলা, ইংরেজী ও আরবী ভাষায় 'একত্র সাঁটলিপি' শেখানো হচ্ছে, খুব শিগগিরই হিন্দি ও জার্মান ভাষা এর সাথে যোগ হবে। অর্থাৎ একজন সাঁটলিপিকার একত্রে ৫টি ভাষায় 'কোর্স' শেষ করতে পারবে।

সমস্যা দেখা দিয়েছে যে, ইতিমধ্যে কোর্স শেষ করে বেরুনো ৬৩৯ জন যুবক যুবতীর মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকরি পেয়েছে মাত্র ১২৫ জন। যুব মন্ত্রণালয় থেকে কোর্সে অংশগ্রহণের জন্যে পাঠানো ২৩০ জনের মধ্যে চাকরি পেয়েছে এ পর্যন্ত ৮৭ জন। পাস করে বেরুনোর পর চাকরির ব্যবস্থা না হলে সাঁটলিপি শেখার উৎসাহ যুবক-যুবতীদের মধ্যে থাকবে কি?



অপরিসর একটি কক্ষে টাইপরাইটিং শেখা। —সংবাদ